# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

স্মারক নং: ঢাবো/পনি/৫১৮ তারিখ: ১২/০৫/২০২৫ খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পরীক্ষক এবং প্রধান পরীক্ষক নিয়োগের জন্য অনলাইনে e-TIF পূরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২৫-এর উত্তরপত্র মূল্যায়নের জন্য পরীক্ষক এবং প্রধান পরীক্ষক নিয়োগের লক্ষ্যে বোর্ডের ওয়েব সাইটে অনলাইনে e-TIF ফরম পূরণের জন্য অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। কিন্তু উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে, খুব অল্প সংখ্যক পরীক্ষক এবং প্রধান পরীক্ষক e-TIF ফরম পূরণ করেছেন। ফলে উচ্চমাধ্যমিক পরীক্ষা ২০২৫-এর উত্তরপত্র মূল্যায়নে সমস্যার সৃষ্টি হবে।

এমতাবস্থায়, উচ্চমাধ্যমিক পরীক্ষা ২০২৫-এর পরীক্ষার উত্তরপত্র সঠিকভাবে মূল্যায়নের জন্য আপনার প্রতিষ্ঠানের সকল সম্মানিত শিক্ষককে e-TIF ফরম পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সকল সম্মানিত শিক্ষকের e-TIF ফরম পূরণের বিষয়টি প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

**বিষয়টি অতীব জরুরী।**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১২/০৫/২০২৫

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

১. অধ্যক্ষ
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সরকারি কলেজ

২. অধ্যক্ষ
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বেসরকারি কলেজ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৪. জেলা শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।